

# Prime Minister's departure statement ahead of his visit to Bali for G20 Leaders' Summit

November 14, 2022

## বালি-তে জি-২০ নেতৃবর্গের শিখর সম্মেলনে যোগ দিতে রওনা হওয়ার আগে প্রধানমন্ত্রীর বক্তব্য

নভেম্বর 14, 2022

সপ্তদশ জি-২০ নেতৃবর্গের শিখর সম্মেলনে যোগ দিতে আমি ১৪-১৬ নভেম্বর ইন্দোনেশিয়ার বালি সফর করব। এবারের শিখর সম্মেলনে সভাপতিত্ব করছে ইন্দোনেশিয়া।

খাদ্য ও শক্তি নিরাপত্তা, আন্তর্জাতিক বিকাশকে পুনরুজ্জীবিত করা, পরিবেশ, স্বাস্থ্য এবং ডিজিটাল রূপান্তর সহ বিভিন্ন আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে জি-২০-র অন্যান্য নেতৃবর্গের সঙ্গে বালি-র এই শিখর সম্মেলনে আমার বিস্তারিত আলোচনা হবে। জি-২০ শিখর সম্মেলনের পাশাপাশি বিভিন্ন দেশের নেতৃবর্গের সঙ্গে আমার কথা হবে এবং তাঁদের সঙ্গে ভারতের দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতির বিষয়টি পর্যালোচনা করার সুযোগ হবে। ১৫ নভেম্বর বালি-তে ভারতীয় সম্প্রদায় আয়োজিত এক অভ্যর্থনা অনুষ্ঠানে আমার বক্তব্য পেশ করার জন্য আমি মুখিয়ে রয়েছি।

ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি শ্রী জোকো উইডোডো শিখর সম্মেলনের সমাপ্তি অধিবেশনে ভারতকে যে জি-২০-র সভাপতিত্বের ভার অর্পণ করবেন তা আমাদের দেশ এবং নাগরিকবৃন্দের জন্য এক গুরুত্বপূর্ণ মুহূর্ত হতে চলেছে। ২০২২-এর ১ ডিসেম্বর আনুষ্ঠানিকভাবে ভারত জি-২০-র সভাপতিত্ব গ্রহণ করবে। আগামী বছর ভারতে অনুষ্ঠিত হতে চলা জি-২০ শিখর সম্মেলনে সদস্য দেশের প্রতিনিধি এবং অন্যান্য অভ্যাগতদের আমি ব্যক্তিগতভাবে আমন্ত্রণ জানাব।

জি-২০ শিখর সম্মেলনে নেতৃবর্গের সঙ্গে আমার আলোচনাকালীন ভারতের সাফল্যের দিকগুলি নিয়ে আলোচনার পাশাপাশি আন্তর্জাতিক বিভিন্ন চ্যালেঞ্জকে যৌথভাবে মোকাবিলা করতে ভারতের অবিচল দায়বদ্ধতার কথাও তুলে ধরব। 'বসুধৈব কুটুম্বকম' অথবা 'এক পৃথিবী, এক পরিবার, এক ভবিষ্যৎ' – এই থিমকে ভারত তার জি-২০ সভাপতিত্বকালীন থিম হিসেবে তুলে ধরবে যার অন্তর্নিহিত বার্তা হল অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধি এবং সকলের জন্য মিলিত ভবিষ্যৎ।

নতুন দিল্লি

নভেম্বর 14, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.